



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

www.dhakaeducationboard.gov.bd

পত্র নং : ৫৬১

তারিখ : ০৩/০২/২০১৯ খ্রি:

বিষয় : এসএসসি পরীক্ষা- ২০১৯ এর ০২/০২/২০১৯ তারিখে অনুষ্ঠিত বাংলা ১মপত্র পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থীদের ২০১৮ সালের সিলেবাস অনুযায়ী প্রণীত প্রশ্নপত্রে পরীক্ষা গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এসএসসি পরীক্ষা- ২০১৯ এর বাংলা ১ম পত্রের পরীক্ষায় কিছু পরীক্ষা কেন্দ্র নিয়মিত পরীক্ষার্থীদের ২০১৯ সালের সিলেবাস অনুযায়ী প্রণীত প্রশ্নপত্র বিতরণ না করে ২০১৮ সালের সিলেবাস অনুযায়ী প্রণীত প্রশ্নপত্র বিতরণ করে পরীক্ষা গ্রহণ করে। সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রের যে সকল কক্ষে এক্রম ঘটনা ঘটেছে সে সকল কক্ষে দায়িত্ব পালনকারী কক্ষ পরিদর্শকদের পরবর্তী পরীক্ষা হতে পরীক্ষা সংশ্লিষ্ট সকল কার্যক্রম থেকে অব্যাহতি দেয়া হলো। সংশ্লিষ্ট কক্ষ পরিদর্শকদের নামের তালিকা নিম্নবর্ণিত ই-মেইল ঠিকানায় আগামী ০৭/০২/২০১৯ তারিখের মধ্যে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যানের জানদেশক্রমে

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন- ০২-৯৬৬৯৮১৫

ই-মেইল: controller@dhakaeducationboard.gov.bd

কেন্দ্র সচিব

এ বোর্ডের আওতাধীন এসএসসি পরীক্ষা কেন্দ্র- ২০১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো।

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. জেলা প্রশাসক, এ বোর্ডের আওতাধীন সকল জেলা
৩. উপজেলা নির্বাহী কর্মকর্তা, এ বোর্ডের আওতাধীন সকল উপজেলা
৪. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
৫. অফিস কপি